

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২৬৭

আগরতলা, ১০ জানুয়ারি, ২০২০

উজালা এবং প্রধানমন্ত্রী কুসুম প্রকল্প নিয়ে সচিবালয়ে পর্যালোচনা সভা

**প্রধানমন্ত্রী কুসুম প্রকল্পে কৃষকদের ভর্তুকীতে সোলার পাম্প
দেওয়ার বিষয়টি প্রচারের আলোয় নিয়ে যেতে হবে : মুখ্যমন্ত্রী**

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের পৌরহিত্যে আজ মহাকরণের কনফারেন্স হলে কেন্দ্রীয় সরকারের ফ্ল্যাগশীপ প্রকল্প উজালা এবং প্রধানমন্ত্রী কুসুম প্রকল্পের পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের জেনারেল ম্যানেজার নরেশ দাস জানান, রাজ্য উজালা প্রকল্পে এনার্জি এফিসিয়েন্সি সার্টিস লিমিটেড (EESL)-এর মাধ্যমে ৯ ওয়াটের ১৫ লক্ষ এল ই ডি বাল্ব বিতরণ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এর মধ্যে ১০ লক্ষ ৩৮ হাজার ৮৩২ টি এল ই ডি বাল্ব বিতরণ করা হয়েছে। এই প্রকল্পে ২০ ওয়াটের ১ লক্ষ ৫০ হাজার টিউব লাইট বিতরণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এর মধ্যে ৮৪ হাজার ৮৩টি টিউব লাইট বিতরণ করা হয়েছে। এছাড়াও এই প্রকল্পে ৫০ হাজার ৫০ ওয়াট যুক্ত ফ্যান দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এর মধ্যে ১৫ হাজার ২৭০টি ফ্যান ইতিমধ্যে বিতরণ করা হয়েছে। এ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, উজালা প্রকল্পে এল ই ডি বাল্ব, টিউব লাইট ও ফ্যান দেওয়ার যে উদ্যোগ নেওয়া হয়েছে তা নির্দিষ্ট সময়ের মধ্যে বিতরণ করার প্রয়াস নিতে হবে। সেগুলি যাতে গুণগতমানের হয় সোদিকেও বিশেষ গুরুত্ব দিতে হবে।

পর্যালোচনা সভায় প্রধানমন্ত্রী কুসুম প্রকল্প নিয়ে আলোচনা করতে গিয়ে ত্রিপুরা রিনিউব্যাল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সির মুখ্য কার্যনির্বাহী আধিকারিক এম দেববর্মা জানান, প্রধানমন্ত্রী কুসুম প্রকল্পে কৃষকদের কল্যাণে সোলার পাওয়ার প্ল্যান্ট বসানো এবং সোলার পাম্প প্রদানের ব্যবস্থা রয়েছে। তিনি আরও জানান, ২০১৯-২০ অর্থবর্ষে রাজ্য ট্রেডার মাধ্যমে ৫টি সোলার পাওয়ার প্ল্যান্ট বসানো হবে। এছাড়াও ট্রেডার মাধ্যমে ১৩০০ কৃষি পাম্পকে সৌরশক্তির সাহায্যে চালানো হবে এবং ১৩০০ নতুন সোলার পাম্প প্রদান করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। সভায় ট্রেডার যুগ্ম অধিকর্তা দেবব্রত শুল্কদাস আরও জানান, প্রধানমন্ত্রী কুসুম প্রকল্পে ফিসারী দপ্তরের মহরীপুর, সরমা, করমছড়া এই ৩টি ফিসিং ব্রিডিং সেন্টারকে সোলার পাম্প দেওয়া হয়েছে। এরকম আরও ৯টি ফিসিং ব্রিডিং সেন্টারকে সোলার পাম্প দেওয়ার লক্ষ্যমাত্রাও নেওয়া হয়েছে। এ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, ফিসারী দপ্তরের তালিকাভুক্ত যেসব বড় বড় ফিসারী রয়েছে সেগুলিকে সোলার পাম্প প্রদানের উদ্যোগ নিতে হবে। এছাড়া প্রধানমন্ত্রী কুসুম প্রকল্পে কৃষকদের ভর্তুকীতে সোলার পাম্প দেওয়ার সংস্থান রয়েছে তা প্রচারের আলোয় নিয়ে যেতে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী ছাড়াও মুখ্যসচিব মনোজ কুমার, মুখ্যমন্ত্রীর অতিরিক্ত মুখ্যসচিব কুমার অলক, পূর্ত দপ্তরের প্রধান সচিব শশীরঞ্জন কুমার এবং বিদ্যুৎ নিগমের অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
